

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রাণিসম্পদ-২ অধিশাখা
www.mofl.gov.bd



স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১১৮.১৪.৫২৫.১৮.২৩৬

তারিখ: ৮ বৈশাখ ১৪২৭

২১ এপ্রিল ২০২০

বিষয়: নভেল করোনা ভাইরাস এর প্রাদুর্ভাবের কারণে কৃষি খাতে চলতি মূলধন সরবরাহের উদ্দেশ্যে ৫০০০ (পাঁচ হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কীম গঠন ও পরিচালনার নীতিমালা প্রচার।

সূত্র: বাংলাদেশ ব্যাংকের এসিডি সার্কুলার নং ০১ তারিখঃ ১৩/০৪/২০২০

উপর্যুক্তবিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশব্যাপী চলমান করোনা (কোভিড-১৯) মহামারি মৎস্য ও প্রাণিসম্পদ খাতে বিরূপ প্রভাব ফেলেছে। মাংস, দুধ, ডিমসহ অন্যান্য সামগ্রী উৎপাদন, সরবরাহ এবং বিপননে সরকারের নানামুখী পদক্ষেপের পরও স্বাভাবিক অবস্থায় ফিরিয়ে আনা যাচ্ছেনা। ফলে খামারি/উদ্যোক্তাগণ আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। খামারি/উৎপাদক/উদ্যোক্তাদের আর্থিক সহায়তা প্রদানের লক্ষ্যে সরকারের পক্ষ হতে ব্যাংকের মাধ্যমে সহজ শর্তে ঋণ সহায়তা প্যাকেজ ঘোষণা করা হয়েছে। সূত্রস্মারক পত্রে বাংলাদেশ ব্যাংক কর্তৃক কৃষি খাতে চলতি মূলধন সরবরাহের উদ্দেশ্যে ৫০০০ (পাঁচ হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কীম গঠন ও পরিচালনার নীতিমালা সংক্রান্ত সার্কুলার জারি করা হয়েছে। প্রান্তিকসহ সকল স্তরের খামারি, উৎপাদক, সরবরাহকারি, এবং উদ্যোক্তাগণের ঋণ সুবিধা গ্রহণের সুবিধার্থে তাদের মাঝে সার্কুলারটি ব্যাপক প্রচার প্রয়োজন।

২.০। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত কৃষি খাতে চলতি মূলধন সরবরাহের উদ্দেশ্যে ৫০০০ (পাঁচ হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কীম গঠন ও পরিচালনার নীতিমালা সংক্রান্ত সার্কুলারটি এতদসঙ্গে সংযুক্ত করে প্রেরণ করা হলো। জেলা এবং মাঠ পর্যায়ে কর্মকর্তাদের মাধ্যমে সংশ্লিষ্টদের মাঝে ব্যাপকভাবে প্রচারের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বাংলাদেশ ব্যাংকের সার্কুলার ১ কপি।

২১-৪-২০২০

ড.অমিতাভ চক্রবর্তী

উপসচিব

বিতরণ :

ইমেইল: livestock-2@mofl.gov.bd

১) মহাপরিচালক (চলতি দায়িত্ব), প্রাণিসম্পদ
অধিদপ্তর

২) মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১১৮.১৪.৫২৫.১৮.২৩৬/১(৪)


তারিখ: ৮ বৈশাখ ১৪২৭

২১ এপ্রিল ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) অতিরিক্ত সচিব, প্রাণিসম্পদ-২ অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

- ২) অতিরিক্ত সচিব, মৎস্য অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ৩) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ৪) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়



২১-৪-২০২০

ড.অমিতাভ চক্রবর্তী
উপসচিব